কিভাবে ফাইল বন্ধ করবেন? এম এস ওয়ার্ড ২০১৬ বাংলা টিউটোরিয়াল | পর্ব ৯

tutorial.hamimit.com/কিভাবে-ফাইল-বন্ধ-করবেন

আজকের টিউনে এম এস ওয়ার্ড ২০১৬ ভার্সনে কিভাবে ওপেনকৃত **ফাইল বন্ধ [Close]** করবেন সে বিষয়ে বিস্তারিত আলোচনা করবো, ইনশাআল্লাহ্।

যেকোন প্রোগ্রামে প্রয়োজনীয় কাজ সম্পাদন করে সংরক্ষণের পর তা বন্ধ করার প্রয়োজন হয়।

একটি বিষয় আপনাকে স্মরণ রাখতে হবে যে, **ফাইল ক্লোজ** করলে ফাইলটি স্ক্রীণ থেকে মুছে যাবে।

এর অর্থ এই নয় যে, ফাইলটি কম্পিউটার থেকে মুছে যাবে।


ফাইলটি আপনার হার্ড ডিস্কের যে জায়গায় সংরক্ষণ করেছেন সেখানেই থাকবে। শুধুমাত্র সাময়িকভাবে পর্দা থেকে মুছে যাবে।

আপনি যদি একাধিক ফাইল একত্রে ওপেন করে থাকেন। তবে একটি বন্ধ করলে আরেকটি পর্দায় প্রদর্শন করবে।


এম এস ওয়ার্ড ২০১৬ ভার্সনসহ সকল ভার্সনেই ফাইল বা নথি বন্ধ করা খুবই সহজ বিষয়।

মেন্যু এবং কীবোর্ড ব্যবহার করে **ফাইল বন্ধ** করা যায়। নিম্নে চিত্রসহ বর্ণিত হলো।


File ট্যাব ক্লিক করুন।



অতপর প্রদর্শিত **Backstage** ভিউ হতে **Close** অপশন ক্লিক করুন।




আপনি যখন **Close** কমাণ্ডটি প্রয়োগ করবেন তখন যদি ফাইলটি সংরক্ষণ করা না থাকে তবে সংরক্ষণ করার জন্য একটি বার্তা প্রদর্শন করবে।



এক্ষেত্রে প্রদর্শিত ডায়ালগ বক্সে ৩টি বাটন পরিলক্ষিত হবে। বাটন ৩টির কার্য নিম্নে বর্ণিত হলো:

- **Save** বাটনে ক্লিক করলে ফাইলটি সংরক্ষিত হয়ে বন্ধ হবে।
- **Don’t Save** বাটনে ক্লিক করলে ফাইলটি সংরক্ষিত না হয়ে বন্ধ হবে।
- **Cancel** বাটনে ক্লিক করলে প্রদর্শিত ডায়ালগ বক্সটি বাতিল হয়ে পূর্বের অবস্থায় ফিরে আসবে।

অবশেষে **এম এস ওয়ার্ড ২০১৬** এর ইউজার ইন্টারফেসটি নিম্নরূপ হবে:



কিভাবে কীবোর্ড দ্বারা ফাইল বন্ধ করবেন?

ওপরের কিভাবে মাউস দিয়ে বা মেন্যু ব্যবহার করে কোন ওপেনকৃত ফাইল বা নথি বন্ধ করা যায় সে বিষয়ে আলোকপাত করা হয়েছে। তবে কীবোর্ড দ্বারা খুব সহজে এ কাজটি সম্পাদন করা যায়।

ওপেনকৃত ফাইল ক্লোজ করার জন্য কীবোর্ডের **Ctrl+W** চাপুন। এবারে ওপরের বর্ণনা মত কাজ সম্পাদন করুন।

নোট: একটি বিষয় সকলের অবগতির জন্য জানাচ্ছি যে, উইন্ডোজ ভিত্তিক যে কোন এ্যাপ্লিকেশন প্রোগ্রামের সকল ভার্সনেই ফাইল বন্ধ করার নিয়ম একই।

ফাইল ওপেন করা – এম এস ওয়ার্ড ২০১৬ বাংলা টিউটোরিয়াল | পর্ব ৮

Context Help এর ব্যবহার – এম এস ওয়ার্ড ২০১৬ বাংলা টিউটোরিয়াল | পর্ব ১০

> আজ এখানেই শেষ করছি। ইনশাআল্লাহ্ পরবর্তীতে এম এস ওয়ার্ড ২০১৬ ভার্সনে কিভাবে কোন কমাণ্ডের কনটেক্সট হেলপ দেখবেন সে বিষয়ে বিস্তারিত টিউন নিয়ে উপস্থিত হবো। সে পর্যন্ত আমাদের সাথেই থাকুন।
>
> টিউনে যদি কোন ভুল কিংবা অসামঞ্জস্য দেখুন তবে দয়া করে কমেন্ট করুন। আর যদি টিউটোরিয়াটি তথ্যবহুল হয় তবে বন্ধুমহলে শেয়ার করুন।